

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা



www.doict.gov.bd

আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.৪৩.০০১.১৮.৫৬৫

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৮

৩১ মে ২০২১

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ১৭৭ (একশত সাতাত্তর)-টি উপজেলা পর্যায়ের অফিস সমূহে ই-নথি প্রশিক্ষণ পরিচালনা সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং- ৫৬.০৪.০০০০.০১০.২০.০০১.১৭-১১৫; তারিখঃ ০২ মে ২০২১ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০২ মে ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে স্মারক নং- ৫৬.০৪.০০০০.০১০.২০.০০১.১৭-১১৫ এর মাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলা পর্যায়ের অফিস সমূহে ই-ফাইলিং প্রশিক্ষণ এর জন্যে ১৭৭ (এক শত সাতাত্তর)-টি উপজেলা কার্যালয়ে অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

ই-নথি প্রশিক্ষণ বিষয়ক নির্দেশনাবলী

১। দেশের করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর সংক্রমণ এর বিষয়টি বিবেচনা করে উপজেলা প্রশাসনের সহযোগিতায় ও তত্বাবধানে এবং আইসিটি অধিদপ্তরের ব্যবস্থাপনায় উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। প্রয়োজনীয় ক্ষেত্রে অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করে প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।

২। এসপায়ার টু ইনোভেট (Aspire to Innovate) প্রোগ্রামের সাথে যোগাযোগ করে ই-নথি প্রশিক্ষণ প্রদান করতে হবে।

৩। প্রশিক্ষণ কার্যক্রম শুরুর পূর্বে প্রশিক্ষণ ক্যালেন্ডার, প্রশিক্ষণ সিডিউল, প্রশিক্ষণার্থী, প্রশিক্ষক, প্রশিক্ষণ ভেন্যু ও প্রশিক্ষণ আয়োজক সংক্রান্ত বিস্তারিত তথ্য আইসিটি অধিদপ্তরে (enothitraining2020.21@gmail.com) ও এসপায়ার টু ইনোভেট (Aspire to Innovate) প্রোগ্রামের (zahidur.rahman@a2i.gov.bd) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

৪। বাজেট বিভাজন অনুযায়ী প্রশিক্ষণ কার্যাদি সম্পন্ন করতে হবে এবং ব্যয়ের হিসাব সংরক্ষণ করতে হবে। ব্যয় বিবরণীর এক সেট ফটোকপি অর্থ শাখায় প্রেরণ করতে হবে।

৫। এসপায়ার টু ইনোভেট (Aspire to Innovate) প্রোগ্রামও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

কর্তৃক কেন্দ্রীয়ভাবে প্রণীত ই-নথি ব্যবহার সহায়িকা প্রস্তুত করা হয়েছে। প্রশিক্ষণ কালীণ এবং প্রশিক্ষণ সমাপ্তির পর আবশ্যিকভাবে প্রশিগার্থীদেরকে এই সহায়িকা প্রদান করতে হবে, যাতে করে এই প্রশিক্ষণ সহায়িকা ব্যবহার করে ই-নথি প্রশিক্ষণ কার্যক্রম সূচারুভাবে সম্পন্ন করতে পারে। আইসিটি অধিদপ্তর হতে বরাদ্দকৃত বাজেটের ই-নথি ব্যবহার সহায়িকার অর্থ হতে ভ্যাট ও ট্যাক্স বাদে অবশিষ্ট টাকা প্রস্তুতকারী প্রতিষ্ঠান (হিসাবের নামঃ জননী এন্টারপ্রাইজ, হিসাব নং-৪৪৩৮৮০২০০০৫৬২, শাখাঃ বাজমে কাদেরিয়া, সোনালী ব্যাংক লিমিটেড, ঢাকা।) বরাবর ০৮ জুন ২০২১ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৬। আইসিটি অধিদপ্তর, এসপায়ার টু ইনোভেট (**Aspire to Innovate**) প্রোগ্রাম, জেলা পর্যায়ের প্রোগ্রামারদের এই প্রশিক্ষণ কার্যক্রমের বিষয়টি অবহিত রাখতে হবে।

৭। প্রশিক্ষণ পরিচালনার ক্ষেত্রে বিশেষ কোন পরামর্শ প্রয়োজন হলে জনাব এ এস এম জাহিদুর রহমান, সিনিয়র সহকারী সচিব, ই-নথি ডোমেইন এক্সপার্ট, এসপায়ার টু ইনোভেট (**Aspire to Innovate**) প্রোগ্রাম, (মোবাইলঃ ০১৮১১৯-২৬৪৮০০, ই-মেইলঃ **zahidur.rahman@a2i.gov.bd**), জনাব বি.এম.বেলাল হোসেন, সহকারী প্রোগ্রামার (প্রশাসন) (মোবাইলঃ ০১৯১৮-৫৯৯১৬৬, ই-মেইলঃ **enothitraining2020.21@gmail.com**), জনাব এস এম আইনুল ইসলাম, সহকারী প্রোগ্রামার (অর্থ) (মোবাইলঃ ০১৭২১-৩২৭৬২০, ই-মেইলঃ **aynul@doict.gov.bd**) আইসিটি অধিদপ্তরের সাথে যোগাযোগ করা যেতে পারে।

৮। রিসোর্স পার্সন হিসেবে জেলা ও উপজেলা প্রশাসনের ই-নথি বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তা, আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়/জেলা পর্যায়ের কর্মকর্তাদের এবং এসপায়ার টু ইনোভেট (**Aspire to Innovate**) প্রোগ্রাম এর কর্মকর্তা নির্বাচন করা যেতে পারে।

৯। প্রশিক্ষণ সমাপ্তির ০২ (দুই) দিনের ভিতর প্রশিক্ষণার্থীদের তালিকা (হার্ড কপি ও সফট কপি) ও সমাপ্তি প্রতিবেদন নিম্নের ছক মোতাবেক আইসিটি অধিদপ্তরের সিস্টেম ও প্রশিক্ষণ শাখায় (**almasbd@gmail.com**) ও (**aynul@doict.gov.bd**) এবং (**enothitraining2020.21@gmail.com**) ই-মেইল ঠিকানায় আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

ক্র	প্রশিক্ষণার্থীর নাম	পদবী ও কর্মস্থল	মোবাইল	ই-মেইল	মন্তব্য

১০। বাজেট বরাদ্দের জি,ও তে বর্ণিত সকল শর্তাবলী পালন করতে হবে।

১১। আগামী ১৫/০৬/২০২১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সকল উপজেলার ই-নথি প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে এবং ১৭৭-টি জেলার ই-নথি প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য নিচের লিংকে প্রদান করতে হবে <https://docs.google.com/forms/d/e/1FAIpQLSdJpikjNzSGXQDQZ>

5vz-YCyguG_u3EU7IlwrP7vE_i2eLbNQQ/viewform

১২। বর্ণিত ই-নথি প্রশিক্ষণে ই-নথির নতুন ভার্সন (D-Nothi) এর উপর ০১(এক)-টি সেশন অন্তর্ভুক্ত করা যেতে পারে।

১৩। উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের উল্লেখযোগ্য আলোক চিত্র জনাব মোঃ আলমাছ হোসেন, ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর(almasbd@gmail.com) আইসিটি অধিদপ্তর এর নিকট সফট কপি প্রেরণ করতে হবে।

৩১-৫-২০২১

মোঃ ফিরোজ সরকার

উপ-পরিচালক

সহকারি প্রোগ্রামার (সংশ্লিষ্ট উপজেলা)।

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.৪৩.০০১.১৮.৫৬৫/১(৬২০)

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৮

৩১ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২) জেলা প্রশাসক (সংশ্লিষ্ট জেলা)।
- ৩) পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৪) উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)।
- ৫) প্রোগ্রামার (সংশ্লিষ্ট জেলা)।
- ৬) সহকারী প্রোগ্রামার (সংযুক্ত), অর্থ শাখা , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

৩১-৫-২০২১

মোঃ ফিরোজ সরকার

উপ-পরিচালক